



স্মারক নং-৭জি-৩৭৬(ক-৩)/২০০৬/২৪৭৩/৬

তারিখ: ১১/০২/১৪২৯ বঙ্গাব্দ:
২৫/০৫/২০২২ খ্রিস্টাব্দ

বিষয় : সাতক্ষীরা জেলার শহীদ স্মৃতি কলেজের শিক্ষকের বকেয়া বেতনসহ এমপিও ছাড়করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা সদর উপজেলাধীন শহীদ স্মৃতি ডিগ্রি কলেজের অধ্যক্ষ অত্র কলেজের বিশ্বজীত সরকার, (পদার্থ বিজ্ঞান, ইনডেক্স নং-৩০৯২৯৭৮), মোসাঃ নাহিদা সুলতানা (ইনডেক্স নং-৩০৯২৯৮০), তানিয়া পারভীন (ইনডেক্স নং-৩০৯২৯৭৬) এর বকেয়া বেতনসহ এমপিও ছাড় করার জন্য অনুরোধ করেন।

আবেদনের বর্ণনা: “সাতক্ষীরা সদর উপজেলাধীন শহীদ স্মৃতি ডিগ্রি কলেজের প্রভাষক বিশ্বজীত সরকার (পদার্থ বিজ্ঞান, ইনডেক্স নং-৩০৯২৯৭৮), (মোসাঃ নাহিদা সুলতানা, ইনডেক্স নং-৩০৯২৯৮০), (তানিয়া পারভীন ইনডেক্স নং-৩০৯২৯৭৬), জাতীয় বিশ্ববিদ্যালয় স্বীকৃত পরিচালনা পর্ষদ (গভর্নিং বডি) কর্তৃক বিধিমোতাবেক ১৯/০৫/২০১৫ খ্রি. তারিখে নিয়োগপ্রাপ্ত হয় এবং মে-২০১৬ থেকে মাসিক বেতনসহ অন্যান্য সরকারি সুবিধাদি পেতে থাকে। কিন্তু ১৩/০১/২০১৯ তারিখের স্মারক নং-৭জি-৩৭৬(ক-৩)/২০০৬/১৭৩/৮ স্বাক্ষরিত পত্রে তাদের বেতন বন্ধকরণসহ নিয়োগ বাতিলের জন্য গভর্নিং বডিকে অনুরোধক্রমে নির্দেশ দেওয়া হয়। পত্র মোতাবেক কলেজ পরিচালনা পর্ষদ তিন (০৩) সদস্য সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন পূর্বক বিষয়টি ক্ষতিয়ে দেখার জন্য তদন্ত কমিটিকে নির্দেশ দেয়। নিয়োগসংক্রান্ত সমুদয় পত্রাদি নিরীক্ষণ পূর্বক তদন্ত কমিটি তাদের নিয়োগ সুচারুরূপে ও বিধিমোতাবেক সম্পন্ন হয়েছে বলে প্রতিবেদন দাখিল করেন (কপি সংযুক্ত)। উল্লেখ্য আপনার সদয় জ্ঞাতার্থে নিবেদন, বিভিন্ন সরকারি তদন্ত কমিটির প্রতিবেদনের ভিত্তিতে তাদের নিয়োগ দানকারী গভর্নিং বডি বৈধ বলে ইতোমধ্যে মূল্যায়ন করেছেন এবং একই কমিটি দ্বারা নিয়োগপ্রাপ্ত অন্যান্য প্রভাষক কর্মচারী সকল সুযোগ সুবিধা প্রাপ্ত হচ্ছেন। (কপি সংযুক্ত)। অতএব, মহান্মন সমীপে নিবেদন যে, আইনগত ও মানবিক এই দ্বিবিধ দিক বিবেচনা করে তাদের বেতন ছাড়করণসহ বকেয়া বেতন ও অন্যান্য যাবতীয় সুযোগ সুবিধা যেন পেতে পারে, সে দিকে সুদৃষ্টি দানে বাধিত করবেন।”

বর্ণিত বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭০.৭৭.০০১.১৮.৩৭৯; তারিখ-০৫/১১/২০১৮খ্রি. পত্রের নির্দেশনা মোতাবেক যথাযথভাবে উল্লিখিত শিক্ষকবৃন্দের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

এমতাবস্থায়, বিষয়টি সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অবহিত করা হলো।

AKC/24.5.22

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (ক-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭

অধ্যক্ষ

শহীদ স্মৃতি ডিগ্রি কলেজ

সাতক্ষীরা।

অনুলিপি:

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, শহীদ স্মৃতি ডিগ্রি কলেজ, সাতক্ষীরা।
- ২। শিক্ষা অফিসার (আইন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। সংরক্ষণ নথি।